



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ১৯৮৬ সাল থেকে কাজ করে আসছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন ও সামাজিক কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নে উল্লেখিত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও বেতন
১	সহকারী কর্মসূচি ব্যবস্থাপক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর/সমমান। ঋণ কর্মসূচিতে কমপক্ষে ৪টি শাখা পরিচালনায় ১ বছরের অভিজ্ঞতাসহ ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন স্নাতক/সমমান পাশ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন তৈরী ও যাচাই, মনিটরিং, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং কর্মী ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে। মোটরসাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে ওয়ার্ড, এক্সেল ও ইন্টারনেট জানা আবশ্যিক। বয়স : সর্বোচ্চ ৪০বছর। বেতন : শিক্ষানবিশকালে-২৮,০০০+৪,৫০০(ক্রেডিট ভাতা)+৮০০(মোবাইল বিল)=৩৩,৩০০/- এবং স্থায়ীকরণের পর-৩০,৬০০+৪,৫০০(ক্রেডিট ভাতা)+৮০০(মোবাইল বিল)=৩৫,৯০০/-।
২	সিনিয়র অডিট অফিসার	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : বানিজ্যে স্নাতক/স্নাতকোত্তর। সংস্থার বিভিন্ন জেলায় অবস্থিত শাখা ও প্রকল্প অফিসে অবস্থান করে প্রতি মাসে ৩-৪ টি শাখা নিরীক্ষা কাজ সম্পাদন করতে হবে এবং নিরীক্ষা প্রতিবেদন তৈরী করতে হবে। এনজিও/ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ১-২ বছর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। কম্পিউটারে কাজে পারদর্শী হতে হবে। কমপ্লেক্স : ঢাকা; তবে অধিকাংশ সময় সংস্থার কর্ম এলাকায় থাকতে হবে। বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতা : শিক্ষানবিশকাল-২৪,৯০০+৩০০(মোবাইল বিল)=২৫,২০০/- এবং স্থায়ীকরণের পর-২৬,৯৫০+শহর ভাতা (১২০০)+৩০০(মোবাইল বিল)=২৮,৪৫০/-।
৩	শাখা ব্যবস্থাপক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর/সমমান। ঋণ কর্মসূচিতে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক/সমমান পাশ প্রার্থীরা আবেদন করতে পারবেন। কর্মী পরিচালনায় দক্ষতা থাকতে হবে। সদস্য ভর্তি ও ঋণী যাচাই, সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন তৈরী ও যাচাই, শাখার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে অভিজ্ঞ হতে হবে। MRA এর সনদপ্রাপ্ত সংস্থায় কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মোটরসাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। বেতন : শিক্ষানবিশকাল-২৪,৯০০+৪,০০০(ক্রেডিট ভাতা) +৬০০(মোবাইল বিল)=২৯,৫০০/- এবং স্থায়ীকরণের পর-২৬,৯৫০+৪,০০০(ক্রেডিট ভাতা)+৬০০(মোবাইল বিল)=৩১,৫৫০/-।
৪	সহকারী শাখা ব্যবস্থাপক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর/সমমান। ঋণ কর্মসূচিতে হিসাব সংক্রান্ত কাজে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে তবে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক/সমমান পাশ প্রার্থীরা আবেদন করতে পারবেন। হিসাব বিজ্ঞানে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন তৈরী ও যাচাই কাজে অভিজ্ঞ হতে হবে। কম্পিউটার চালনায় দক্ষ এবং MRA এর সনদপ্রাপ্ত সংস্থায় কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। বেতন : শিক্ষানবিশকালে ২০,০০০+১,৮০০/(ক্রেডিট ভাতাসহ)+৩০০(মোবাইল বিল)=২২,১০০/- এবং স্থায়ীকরণের পর-২১,৯০০+১,৮০০/(ক্রেডিট ভাতাসহ)+৩০০(মোবাইল বিল) =২৪,০০০/-।

অন্যান্য শর্তাবলী :

- সকল পদের জন্য শিক্ষানবিশকাল ৬ মাস। ৩ ও ৪ নং পদের প্রার্থীগণ ৬ মাস শিক্ষানবিশকালে একক আবাসন সুবিধা, মোটরসাইকেল ও জ্বালানী খরচ (শুধুমাত্র সহকারী কর্মসূচি ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকদের জন্য প্রযোজ্য) এবং চাকুরীতে স্থায়ীকরণের পর বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, বছরে দুইটি উৎসব ভাতা প্রদত্ত হবে। এছাড়াও লাঞ্চ ভাতা, দুরত্ব ভাতা, উৎসাহ ভাতা, হাওড় ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত হবে।
- ১, ৩ ও ৪ নং পদে নির্বাচিত প্রার্থীদের ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও রংপুর বিভাগে নিয়োগ দেয়া হবে।
- নিয়োগের জন্য মনোনীত হলে প্রার্থীদের জামানত বাবদ ৩ নং পদের জন্য ১৫,০০০/- এবং ৪ নং পদের জন্য ১৪,০০০/- টাকা প্রদান করতে হবে যা সুদসহ ফেরতযোগ্য।
- সকল পদের প্রার্থীদেরকে “পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি)” একাউন্ট নম্বরঃ-৪৪১৬৪৩৬০০০৯৪৬ (সোনালী ব্যাংক লিঃ, লালমাটিয়া শাখা) অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ২০০/- টাকা অনলাইনে জমা করে জমা রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি, ২ কপি সদ্য তোলা রঙ্গিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির (যাদের মধ্যে একজন শিক্ষক ও একজন নিকট আত্মীয়) নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নঙ্গ জীবনবৃত্তান্ত, মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ০৫/০৩/২০২০ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ- উল্লেখ্য যে, ১, ৩ ও ৪ নং পদে উপরে উল্লেখিত ঠিকানায় সারা বছর আবেদনপত্র গ্রহণ করা হয় এবং পরীক্ষার মাধ্যমে প্রয়োজন মোতাবেক নিয়োগ দেওয়া হয়।

web: www.popibd.org

“নারী-শিশু নির্ধাতন ও বুদ্ধিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”